স্টেটেন আইল্যান্ড ফেরী পত্র পত্রিকা বিতরণের অনুমতিপ্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1. একটি পারমিট আবেদন প্রক্রিয়া করতে কতক্ষণ সময় লাগে?
    a. পারমিটের আবেদন প্রক্রিয়াকরণে তিন থেকে পাঁচ কার্যদিবস সময় লাগে।
2. পারমিট কীভাবে জারি করা হয়?
    a. *আগে আসলে, আগে পাবেন* এই ভিত্তিতে নির্দিষ্ট সংখ্যক পারমিট প্রতিদিন জারি করা হয় এবং অনুমোদনের নিশ্চয়তা নেই।
3. আমি আমার সাথে সর্বোচ্চ কত সংখ্যক লোক আনতে পারব?
    a. পত্র পত্রিকা বিতরণের অনুমতি পারমিট - একই অনুমতির আওতায় তিন (3) জনের বেশি লোককে পত্র পত্রিকা বিতরণের অনুমতির পারমিট দেওয়া হয় না।
4. আমি কী খাবার এবং কাপড় বিতরণ করতে পারব?
    a. না, আমাদের টার্মিনালগুলিতে এবং আমাদের ফেরীবোটে খাবার এবং পোশাক বিতরণ করা নিষিদ্ধ।
5. আমি কী কোনো ধরনের পত্র পত্রিকা প্রচার করতে পারব?
    a. আমরা শহরের সম্পত্তিতে (NYC নির্বাহী নির্দেশ 44) পত্র পত্রিকায় অ্যালকোহলের বিজ্ঞাপন প্রচার করার অনুমতি দিই না।
6. আপনি কী পারমিট ধারকদের জন্য পার্কিং প্রদান করেন?
    a. না, আমরা পারমিট ধারকদের জন্য পার্কিং প্রদান করি না।
7. আমি কী পত্র পত্রিকার জন্য টেবিল বা প্রপস ব্যবহার করতে পারব?
    a. না, টেবিল, স্ট্রাকচার, ছবি আঁকার কাঠামো, ট্রাইপড বা কোনো প্রপস অনুমোদিত নয়।
8. আমরা যখন আমাদের পারমিট ব্যবহার করব তখন আপনি কী আমাদের জিনিসপত্র রাখতে পারবেন?
    a. না, আমরা পারমিট ধারকদের জন্য সংরক্ষণাগার প্রদান করি না।
9. পারমিটের অনুরোধের জন্য কি কোনো সময় সীমা আছে?
    a. আপনার জন্য কোনও নির্ধারিত সময়সীমা নেই। তবে, প্রতি আবেদনের অনুরোধ নির্ধারিত পাঁচটি তারিখের মধ্যে করতে হবে।
10. পারমিটের আবেদন কি যেকোনো দিন/তারিখে জমা দেওয়া যাবে?
    a. ডেপুটি কমিশনারের বিবেচনা অনুযায়ী নিউ ইয়র্ক সিটির নির্বাচিত অনুষ্ঠান বা ছুটির দিনগুলিতে পারমিট অনুমোদিত বা জারি করা হবে না।
11. আমরা কী টার্মিনাল এবং ফেরীবোটের যেকোনো জায়গায় পত্র পত্রিকা দিতে পারব?
    a. আপনি শুধুমাত্র হোয়াইটহল, সেন্ট জর্জ বা উভয় টার্মিনালে লিখিত বা গ্রাফিক সামগ্রী দেওয়ার জন্য অনুরোধ করতে পারেন।

NYC Department of Transportation
Staten Island Ferry Division
One Ferry Terminal Drive, Staten Island, NY 10301
টেলিফোন: 212.839.3061 ইমেল: FerryPermitRequest@dot.nyc.gov
nyc.gov/dot